

# রমানাথ ভট্টাচার্য

## যাবার বেলা

দূরের নারী কাছে এসো কাছের নারী পাশে বসো  
যাবার বেলা চোখের আলোয় করব আমি স্নান  
সুজন বন্ধু কাছে এসো দুই দণ্ড পাশে বসো  
তোমায় দেখে হৃদয় করবে গঞ্জগাজলে স্নান।

যাবার বেলা চাঁদ দেখা দাও দেখব তোমার রূপ  
সন্ধ্যাতারা উদয় হও দেখব তোমার মুখ  
আন্ধারে নয় আলোর দেশে উড়ে যাবে প্রাণ  
পার্থিব সব দুঃখ ঝরে হবে ছত্রখান